তারিখ 21 JAN 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

সমকাল

ফিজিক্স অলিম্পিয়াডে শিক্ষামন্ত্রী

# শিক্ষায় নারী পুরুষের সমতা অর্জন হয়েছে

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষায় নারী-পুরুষের সমতা অর্জন হয়েছে। তবে এখনও সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত হয়নি। বিশ্বমানের শিক্ষা নিশ্চিতে সরকার কাজ করে যাচ্ছে।

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড-২০১৭-এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার উচ্চশিক্ষায় গবেষণার ওপর জোর দিচ্ছে। ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

## শিক্ষায় নারী

[তৃতীয় পৃষ্ঠার পর]

বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণা আরও বাড়াতে হবে। সৃষ্টি করতে হবে নতুন জ্ঞান। অন্য দেশ থেকে এখনও জ্ঞান ও প্রযুক্তি আমদানি করতে হয়। জ্ঞান, প্রযুক্তি ও দক্ষতা রফতানি করার যোগ্যতা অর্জন করতে হবে।

মন্ত্রী আরও বলেন, নতুন প্রজন্ম অনেক মেধাবী। তাদের বিশ্বমানের জ্ঞান, প্রযুক্তি ও দক্ষতায় গড়ে তুলতে হবে। তারাই নতুন বাংলাদেশ নির্মাণ করবে এবং ভবিষ্যতে নেতৃত্ব দেবে। দেশে বিজ্ঞান শিক্ষার্থীর সংখ্যা ও হার বাড়ছে জানিয়ে নাহিদ বলেন, শিক্ষার মান বাড়াতে পাঠ্যপুস্তক, পরীক্ষা পদ্ধতি সহজ ও আকর্ষণীয় করা হচ্ছে। বইয়ের বোঝাও কমানো হবে।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, তরুণ প্রজন্মের মাঝে সৃজনশীল চিন্তা-ভাবনা প্রত্যক্ষ করা যায়। তবে সবচেয়ে বড় কথা হলো, ভালো মানুষ হতে হবে।

ফিজিক্স অলিম্পিয়াড কমিটির সভাপতি অধ্যাপক ড. খোরশেদ আহমেদ কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কমিটির সিনিয়র ভাইস চেয়ারম্যান ড. মুহাম্মদ জাফর ইকবাল, কথাসাহিত্যিক ও কালের কণ্ঠ সম্পাদক ইমদাদুল হক মিলন, ডাচ-বাংলা ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা আবুল কাশেম মো. শিরিন, ঢাবি পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবদুস সাত্তার।

উদ্বোধনের পর শিক্ষামন্ত্রী বিভিন্ন উদ্ভাবনী নিয়ে আয়োজিত টেকফেয়ার ঘুরে দেখেন। এতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৭টি দল অংশ নিয়েছে। আজ শনিবার ঢাবি নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অলিম্পিয়াডের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।